## **Higher School Certificate (HSC) minimum standard**

Information for parents and carers

## উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেটের (HSC) ন্যূনতম মান

## পিতামাতা এবং যত্নদানকারীদের জন্য তথ্য

প্রিয় পিতামাতা এবং যত্নদানকারীগণ

NSW শিক্ষা মান কর্তৃপক্ষ (NSW Education Standards Authority (NESA)) দ্বারা উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেটের (HSC) ন্যূনতম মান নীতি প্রবর্তনের অর্থ হল NSW -এর শিক্ষার্থীদের তাদের উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (HSC) শংসাপত্র পাওয়ার জন্য ন্যূনতম সাক্ষরতা এবং সংখ্যার মান পূরণ করতে হবে।

শিক্ষার্থীরা পড়া, লেখা এবং সংখ্যার তিনটি ডোমেনে HSC ন্যূনতম মান পরীক্ষায় বসবে। প্রতিটি ৪৫-মিনিটের অনলাইন পরীক্ষায় নিম্নলিখিত বৈশিষ্ট্য রয়েছে:

- পড়ার জন্য একটি মাল্টিপল-চয়েস পরীক্ষা;
- সংখ্যার জন্য একটি মাল্টিপল-চয়েস পরীক্ষা; এবং
- একটি লিখিত বা ভিজ্যুয়াল সংকেতের উপর ভিত্তি করে লেখার জন্য একটি পরীক্ষা (৫০০ শব্দ পর্যন্ত)।

HSC ন্যূনতম মান অর্জনের জন্য শিক্ষার্থীদের তিনটি টেস্টিং ডোমেনেই লেভেল ৩ বা ৪ অর্জন করতে হবে। এর মানে হল যেসকল শিক্ষার্থীরা মান পূরণ করে তাদের দৈনন্দিন জীবন, কাজ এবং পরবর্তী শিক্ষার জন্য প্রয়োজনীয় মৌলিক কার্যকরী দক্ষতা রয়েছে।

প্রতি বছর ইয়ার ১০ থেকে ইয়ার ১২ এর শেষ পর্যন্ত এই অনলাইন পরীক্ষায় বসার জন্য শিক্ষার্থীদের একাধিক সুযোগ রয়েছে। প্রতিটি পরীক্ষা আবার গ্রহণ করার আগে একটি অপেক্ষার সময় আছে।

HSC-এর ন্যূনতম মান পূরণের জন্য শিক্ষার্থীদের স্কুল থেকে সহায়তা করা হবে। স্কুলে অনুশীলন পরীক্ষা এবং NESA ওয়েবসাইটে অনলাইনে প্রদর্শনের প্রশ্ন পাওয়া যায়: <a href="https://educationstandards.nsw.edu.au/wps/">https://educationstandards.nsw.edu.au/wps/</a> portal/nesa/11-12/hsc/hsc-minimum-standard/online-tests

আপনি যদি আরও তথ্য চান তাহলে অনুগ্রহ করে স্কুলের সাথে যোগাযোগ করুন।

আপনি যদি বিশ্বাস করেন যে আপনার সন্তানের অতিরিক্ত চাহিদা রয়েছে এবং সে HSC ন্যূনতম মান পরীক্ষার জন্য অতিরিক্ত বিধানের জন্য যোগ্য হবে, অনুগ্রহ করে নীচে দেখানো স্কুলের সাথে যোগাযোগ করার ব্যক্তিকে কল করুন:

স্কুলের সাথে যোগাযোগ করার ব্যক্তির নাম স্কুলের সাথে যোগাযোগ করা ব্যক্তির ফোন নম্বর

আপনার বিশ্বস্ত

অধ্যক্ষ

স্কুলের নাম

## টেলিফোন দোভাষী পরিষেবা

স্কুলের সাথে যোগাযোগ করতে সাহায্য করার জন্য আপনার যদি একজন দোভাষীর প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে 131 450 নম্বরে টেলিফোন টেলিফোন দোভাষী পরিষেবায় কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য বলুন। আপনি যে ফোন নম্বরটিতে কল করতে চান তা অপারেটরকে বলুন এবং কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য অপারেটর লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোন অর্থ দিতে হবে না।